151

দৈনিক বাংলা

তারিখ 11 JAN 1994
পৃষ্ঠা ৫ কলাম ৪

## শিক্ষার জন্যে খাদ্য কর্মসূচী

# গরীব ছাত্রদের কাছ থেকে চাঁদা আদায় ঃ ৩ প্রধান শিক্ষক বরখাস্ত

নিজস্ব সংবাদদাতা ঃ গাইবান্ধা, ১০ জানুয়ারী।–শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর কার্ড প্রদানের সময় ছাত্র-ছাত্রীদের কাছ থেকে চাঁদা আদায় করায় সাদুল্যাপুর থানার ৩টি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে সাময়িকভাবে বরখাস্ত এবং সংশ্লিষ্ট সহকারী থানা শিক্ষা অফিসারের কৈফিয়ত তলব করা হয়েছে।

বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে গরীব ছেলেমেয়েদের স্কুলমুখী করা এবং স্কুল থেকে ছাত্রছাত্রী ঝরে পড়া রোধকল্পে সরকার শিক্ষার জন্য খাদ্য কর্মসূচী চালু করেন।

এই কর্মসূচীর আওতায় কার্ডপিছু প্রতি মাসে ১৫ কেজি করে গম বিতরণের ব্যবস্থা করা হয়েছে। এসব কার্ড বিনামূল্যে দুস্থ ছাত্রছাত্রীদের মধ্যে দেয়ার কথা। কিন্তু সাদুল্যাপুর থানার উত্তর দাউদপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল জলিল, ছান্দিয়াপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল মোত্তালেব এবং রসুলপুর সরকারী প্রাথমিক বিদ্যা-লয়ের প্রধান শিক্ষক নান্নু মিয়া ছাত্র-ছাত্রীদের কাছ থেকে ১০ টাকা করে চাঁদা আদায় করেন। এভাবে উত্তর-দাউদপুর প্রাথমিক বিদ্যালয়ের ৬৭টি কার্ড বাবদ ৬শ' ৭০ টাকা, ছান্দিয়াপুর বিদ্যালয়ের ১শ ৮টি কার্ড বাবদ ১ হাজার ৮০ টাকা, এবং রসুলপুর বিদ্যালয়ের ১শ' ২১টি কার্ড বাবদ ১ হাজার ২শ' ১০ টাকা দুস্থ ছেলেমেয়েদের কাছ থেকে অবৈধভাবে আদায় করেছেন। বিষয়টি অবহিত হওয়ার পরও সংশ্লিষ্ট এলাকার সহকারী থানা শিক্ষা কর্মকর্তা নজরুল ইসলাম এ ব্যাপারে কোন পদক্ষেপ গ্রহণ করেননি।

সম্প্রতি ঢাকাস্থ প্রাথমিক শিক্ষা অধিদফতরের পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব শওকত আলী উল্লিখিত বিদ্যালয়গুলো পরিদর্শনকালে বিষয়টি অব-হিত হন। তিনি শিক্ষা অধিদফতরের রাজশাহী উপপরিচালককে তখন এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন। রাজশাহী উপপরিচালক তখন উল্লি-খিত ৩ জন প্রধান শিক্ষককে সাময়িক-ভাবে বরখাস্ত এবং সংশ্লিষ্ট সহকারী থানা শিক্ষা কর্মকর্তাসহ তাদের কৈফিয়ত তলব করেন।